গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
**সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)**
www.sesip.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১১৩/নিয়োগ ২য় পর্যায়/২০১৪ (অংশ)/১৭ তারিখ: ০৮/০১/২০১৯ খ্রি:

**বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর আওতায় "সহকারী প্রোগ্রামার" এবং "কম্পিউটার অপারেটর", পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা (MCQ Type)-এর সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলী।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় "সহকারী প্রোগ্রামার" এবং "কম্পিউটার অপারেটর" পদে নিয়োগ পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্র ও সময়সূচি অনুযায়ী MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে:

| ক্রমিক নং | পদের নাম | পরীক্ষা কেন্দ্র | প্রার্থী সংখ্যা | তারিখ ও বার | সময় |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী প্রোগ্রামার | ইডেন মহিলা কলেজ, ঢাকা | ৯২৫ | ১৫/০১/২০১৯ মঙ্গলবার | বিকাল ২:৩০ ঘটিকা |
| ২. | কম্পিউটার অপারেটর | | ৪৬১ | | বিকাল ৪:০০ ঘটিকা |

২। পরীক্ষা শুরুর ন্যূনতম ৩০ মিনিট পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে এবং প্রশ্নপত্র বিতরণের পরে কোন পরীক্ষার্থীকে হলে প্রবেশ করতে দেওয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না;

৩। প্রার্থীদের রোল নম্বর ৮ (আট) ডিজিট সম্বলিত। উত্তরপত্রের নির্ধারিত ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে রোল নম্বর লিখে তার নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করতে হবে;

৪। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রোল নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও হাজিরা তালিকার ছবির সাথে প্রার্থীর চেহারা এবং প্রবেশপত্রের স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকায় প্রার্থীর মুদ্রিত স্বাক্ষর ও প্রার্থী কর্তৃক হাজিরা তালিকায় প্রদত্ত স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা থাকবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, ঘড়ি, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনরূপ ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত উল্লিখিত সামগ্রী পাওয়া গেলে তার প্রার্থীতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে কেন্দ্র থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভবিষ্যতে এ প্রোগ্রাম কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য এ ধরণের প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। কাজেই পরীক্ষার দিন কোনভাবেই উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী আনা যাবে না;

৬। পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রোল নম্বর পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। কোন প্রার্থীর ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের স্বাক্ষর ও রোল নম্বরের গরমিলসহ কোনরূপ অনিয়ম ধরা পড়লে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৭। পরীক্ষা শেষে প্রার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবে এবং পরিদর্শকগণ প্রশ্নপত্রসহ উত্তরপত্র সংগ্রহ করবে। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর প্রার্থীগণ কক্ষ ত্যাগ করবে। প্রার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যেতে পারবে না;

৮। 'সহকারী প্রোগ্রামার' পদের পরীক্ষায় সর্বমোট ৫০ নম্বরের মোট ৫০ (পঞ্চাশ) টি MCQ প্রশ্ন থাকবে এবং 'কম্পিউটার অপারেটর' পদের পরীক্ষায় সর্বমোট ৭০ নম্বরের মোট ৫০ (পঞ্চাশ) টি MCQ প্রশ্ন থাকবে । প্রতিটি প্রশ্নের মান হবে সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর করে কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ৩৫ (পঁয়ত্রিশ) মিনিট;

০৯। প্রবেশপত্র সংগ্রহে/সংরক্ষণে না থাকলে http://sesip.teletalk.com.bd/admitcard/index.php ওয়েব সাইট হতে নির্ধারিত ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে;

১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে টেলিটক কর্তৃপক্ষের দ্বারা এসএমএস এর মাধ্যমে এবং সেসিপ এর ওয়েব সাইট (www.sesip.gov.bd)-এ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে পরবর্তী কার্যক্রম সম্পর্কে জানানো হবে; এবং

১১। চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

## বিস্তারিত আসন ব্যবস্থা (সহকারী প্রোগ্রামার)

| ক্রমিক নং | কক্ষ নং | রোল নম্বর | | প্রার্থী সংখ্যা | কক্ষের অবস্থান |
|---|---|---|---|---|---|
| | | থেকে | পর্যন্ত | | |
| ১. | ২০২ | ৩১০০০০০০১ | ৩১০০০০০৯০ | ৯০ | ভবন-২ ২য়তলা |
| ২. | ২০৩ | ৩১০০০০০৯১ | ৩১০০০০১৯০ | ১০০ | |
| ৩. | ২০৯ | ৩১০০০০১৯১ | ৩১০০০০২৬০ | ৭০ | |
| ৪. | ২১১ | ৩১০০০০২৬১ | ৩১০০০০৩১০ | ৫০ | |
| ৫. | ২১২ | ৩১০০০০৩১১ | ৩১০০০০৪০০ | ৯০ | |
| ৬. | ২১৪ | ৩১০০০০৪০১ | ৩১০০০০৪৮০ | ৮০ | |
| ৭. | ২১৬ | ৩১০০০০৪৮১ | ৩১০০০০৫৭০ | ৯০ | |
| ৮. | ২৩১ | ৩১০০০০৫৭১ | ৩১০০০০৬৬০ | ৯০ | |
| ৯. | ২৪০ | ৩১০০০০৬৬১ | ৩১০০০০৭৬০ | ১০০ | |
| ১০. | ২৪২ | ৩১০০০০৭৬১ | ৩১০০০০৮৪৫ | ৮৫ | |
| ১১. | ২৪৪ | ৩১০০০০৮৪৬ | ৩১০০০০৯২৫ | ৮০ | |

# বিস্তারিত আসন ব্যবস্থা (কম্পিউটার অপারেটর)

| ক্রমিক নং | কক্ষ নং | রোল নম্বর | | প্রার্থী সংখ্যা | কক্ষের অবস্থান |
|---|---|---|---|---|---|
| | | থেকে | পর্যন্ত | | |
| ১. | 118 | 30800001 | 30800100 | 100 | ভবন-২ নীচতলা |
| ২. | 135 | 30800101 | 30800200 | 100 | |
| ৩. | 139 | 30800201 | 30800250 | 50 | |
| ৪. | 140 | 30800251 | 30800340 | 90 | |
| ৫. | 143 | 30800341 | 30800461 | 121 | |

মোঃ আবু ছাইদ শেখ
(অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
ও
সদস্য সচিব
সেসিপ এর আওতায় ১০ম ও তদুর্ধ্ব গ্রেডের
সরাসরি কর্মচারি নিয়োগ কমিটি
☎ ৯৫৫৩৭১২

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-১), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা (বিজ্ঞপ্তিটি সেসিপ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস কপি।